



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৭৭৬

তারিখ : ২৯/০৬/২০২২


প্রেস বিজ্ঞপ্তি

ইষ্টার্ন ব্যাংক লিমিটেড এর সাথে পানি ও পয়ঃ বিল আদায়ের চুক্তি স্বাক্ষর করল ঢাকা ওয়াসা



ইষ্টার্ন ব্যাংক লিমিটেড (EBL) এর সাথে পানি ও পয়ঃ বিল আদায়ের চুক্তি স্বাক্ষর করেছে ঢাকা ওয়াসা। ইষ্টার্ন ব্যাংক লিমিটেড এর ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও জনাব আলী রেজা ইফতেখার এবং ঢাকা ওয়াসা'র ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এ চুক্তি স্বাক্ষর করেন। EBL বর্তমানে Digital Banking এর মাধ্যমে গ্রাহকদের বিভিন্ন সেবা প্রদান করছে। EBL Sky Bank App এর মাধ্যমে গ্রাহকদের সহজে বিল প্রদানের সুবিধা তৈরি করে দিয়েছেন। ঢাকা ওয়াসা'র সাথে চুক্তি স্বাক্ষরের মধ্য দিয়ে EBL এবং ঢাকা ওয়াসা'র গ্রাহকদের সেবা দেয়ার একটি নতুন দিগন্ত খুলে গেল। EBL গ্রাহকদের যে কোন Online Banking Service দিতে বদ্ধ পরিকর বলে জানান EBL এর ব্যবস্থাপনা পরিচালক।

ঢাকা ওয়াসা'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী তাকসিম এ খান জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর Digital বাংলাদেশ গড়ার লক্ষ্যে ঢাকা ওয়াসা ব্যাপক ভূমিকা পালন করছে। বর্তমানে ৩৮ টি ব্যাংকের মাধ্যমে ঘরে বসে গ্রাহকবৃন্দ পানি ও পয়ঃ বিল পরিশোধ করতে পারছেন। আগামিতে EBL Digital Banking এর মাধ্যমে আরো উন্নত সেবা দেবেন বলে আশা প্রকাশ করেন।


২৯/৬/২০২২
এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।